

## টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি

# ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) টিকা (লাইভ, অন্তঃনাসিক): আপনাকে যা জানতে হবে

## 1. কেন টিকা নিতে হবে?

ইনফ্লুয়েঞ্জা টিকা ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) প্রতিরোধ করতে পারে।

ফ্লু হল একটি সংক্রামক রোগ যা প্রতি বছর, সাধারণত অক্টোবর থেকে মে মাসের মধ্যে, মার্কিন যুক্তরাষ্ট্রে ছড়িয়ে পড়ে। যে কেউ ফ্লুতে আক্রান্ত হতে পারে, তবে কিছু লোকের জন্য এটি বেশি বিপজ্জনক। ছোট শিশু এবং অল্প বয়সী শিশু, 65 বছর বয়সী বা তার বেশি বয়সী ব্যক্তিগত, গর্ভবতী মহিলারা এবং নিদিষ্ট স্বাস্থ্য-সংক্রান্ত অবস্থা বা দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা থাকা লোকেরা ফ্লু-এর জটিলতার সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকেন।

নিউমোনিয়া, ব্রক্ষাইটিস, সাইনাসের সংক্রমণ এবং কানের সংক্রমণ হল ফ্লু সংক্রান্ত জটিলতার উদাহরণ। আপনার যদি হাদরোগ, ক্যাল্সার বা ডায়াবেটিস এর মতো কোনো চিকিৎসা-সংক্রান্ত রোগাবস্থা থাকে, তাহলে ফ্লু এটিকে আরও খারাপ করে তুলতে পারে।

ফ্লু জ্বর এবং কাঁপুনি, গলা ব্যথা, পেশীতে ব্যথা, ক্লাস্টি, কাশি, মাথাব্যথা এবং নাক দিয়ে পানি পড়া বা নাক বন্ধের কারণ হতে পারে। কিছু লোকের বমি এবং ডায়ারিয়া হতে পারে, যদিও এটি প্রাপ্তবয়স্কদের তুলনায় শিশুদের মধ্যে বেশি দেখা যায়।

গড়ে এক বছরে, মার্কিন যুক্তরাষ্ট্রে হাজার হাজার মানুষ ফ্লুতে মারা যান, এবং আরও অনেককে হাসপাতালে ভর্তি হতে হয়। ফ্লু-এর টিকা প্রতি বছর লক্ষ লক্ষ অসুস্থতা এবং ডাঙ্গারের কাছে ফ্লু-সম্পর্কিত কারণে দেখাতে যাওয়াকে প্রতিরোধ করে।

## 2. লাইভ, অ্যাটেনুয়েটেড ইনফ্লুয়েঞ্জা টিকা

6 মাস বা তার বেশি বয়সী প্রত্যেককে প্রতি ফ্লু-এর মরশুমে CDC টিকা নেওয়ার জন্য সুপারিশ করে। 6 মাস থেকে 8 বছর বয়সী শিশুদের একটি একক ফ্লু-এর মরশুমে 2টি ডোজের প্রয়োজন হতে পারে। অন্য সকলের প্রতি ফ্লু-এর মরশুমে মাত্র 1টি ডোজ প্রয়োজন।

লাইভ, অ্যাটেনুয়েটেড ইনফ্লুয়েঞ্জা টিকা (যাকে “LAIV” বলা হয়) একটি অন্তঃনাসিক স্প্রে টিকা যা 2 থেকে 49 বছর বয়সী গর্ভবতী নয় এমন ব্যক্তিদের দেওয়া যেতে পারে।

টিকাকরণের পরে সুরক্ষা তৈরি হতে প্রায় 2 সপ্তাহ সময় লাগে।

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See [www.immunize.org/vis](http://www.immunize.org/vis)

অনেক টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় উপলব্ধ রয়েছে। [www.immunize.org/vis](http://www.immunize.org/vis)-এ দেখুন

অনেকগুলি ফ্লু ভাইরাস আছে, এবং তারা সবসময় পরিবর্তিত হচ্ছে। আসন্ন ফ্লু-এর মরশুমে রোগের কারণ হতে পারে এমন ইনফ্লুয়েঞ্জা ভাইরাস থেকে রক্ষা করার জন্য প্রতি বছর একটি নতুন ফ্লু-এর টিকা তৈরি করা হয়। এমনকি টিকাটি এই ভাইরাসগুলির সাথে ঘথাঘথভাবে ম্যাচ না করলেও, এটি কিছু সুরক্ষা প্রদান করতে পারে।

ইনফ্লুয়েঞ্জা টিকা ফ্লু সৃষ্টি করে না।

ইনফ্লুয়েঞ্জা টিকা অন্যান্য টিকার মতো একই সময়ে দেওয়া যেতে পারে।

## 3. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন

আপনার টিকাকরণ প্রদানকারীকে বলুন যদি টিকা গ্রহণকারী ব্যক্তি/ব্যক্তির:

- 2 বছরের কম বা 49 বছরের বেশি বয়সী হন
- গর্ভবতী হন। গর্ভবতী মানুষদের জন্য লাইভ, অ্যাটেনুয়েটেড ইনফ্লুয়েঞ্জা টিকা সুপারিশ করা হয় না
- ইনফ্লুয়েঞ্জা টিকার পূর্ববর্তী ডোজের পরে কোনো অ্যালার্জির প্রতিক্রিয়া প্রদর্শন করেন, বা তার কোনো গুরুতর, প্রাণ-সংশয়কারী অ্যালার্জি থাকে
- 2 থেকে 17 বছর বয়সী একজন শিশু বা কিশোর-কিশোর হন যারা অ্যাসপিরিন বা অ্যাসপিরিন- বা স্যালিসিলেটযুক্ত পণ্য গ্রহণ করেন
- একটি দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা থাকে
- 2 থেকে 4 বছর বয়সী এমন একজন শিশু হন যার গত 12 মাসের মধ্যে হাঁপানি বা শ্বাস নেওয়ার সময় শৌঁ শৌঁ করে আওয়াজ হওয়ার ইতিহাস থাকে
- 5 বছর বা তার বেশি বয়সী হন এবং হাঁপানি থাকে
- গত 3 সপ্তাহে ইনফ্লুয়েঞ্জা অ্যান্টিভাইরাল গৃহু খেয়ে থাকেন
- গুরুতরভাবে রোগ প্রতিরোধ-সম্বন্ধীয় বিপদগ্রস্ত অবস্থায় থাকা লোকের পরিচর্যা নেন যার একটি সুরক্ষিত পরিবেশ প্রয়োজন।



U.S. Department of  
Health and Human Services  
Centers for Disease  
Control and Prevention

- অন্যান্য অন্তর্নিহিত চিকিৎসাগত অবস্থায় থাকেন যা মানুষকে গুরুতর ফুঁজিলতার ঝুঁকিতে (যেমন ফুসফুসের রোগ, হৃদরোগ, কিডনির রোগ যেমন ডায়াবেটিস, কিডনি বা লিভারের ব্যাধি, শ্বায়বিক বা নিউরোমাসকুলার বা বিপাকীয় ব্যাধি) ফেলতে পারে
- কোনো প্লীহা না থাকে, বা একটি অ-কার্যকর প্লীহা থেকে থাকে
- একটি কক্ষিয়ার ইমপ্লান্ট থাকে
- একটি সেরিব্রোস্পাইনাল ফ্লুইড লিক থাকে (মস্তিষ্কের চারপাশে থেকে নাক, গলা, কান বা মাথার অন্য কোনো স্থানে তরল পদার্থের লিক হওয়া)
- ইনফ্লুয়েঞ্জা টিকার পূর্ববর্তী ডোজের পরে 6 সপ্তাহের মধ্যে গিলাইন-বারে সিন্ড্রোম হয়

কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি ভবিষ্যত সাক্ষাৎ পর্যন্ত ইনফ্লুয়েঞ্জার টিকাকরণ স্থগিত করার সিদ্ধান্ত নিতে পারেন।

কিছু রোগীর জন্য, একটি ভিন্ন ধরনের ইনফ্লুয়েঞ্জা টিকা (নিষ্ক্রিয়কৃত বা রিকমিন্যান্ট ইনফ্লুয়েঞ্জা টিকা) লাইভ, অ্যাটেন্যুয়েটেড ইনফ্লুয়েঞ্জা টিকার চেয়ে বেশি উপযুক্ত হতে পারে।

সর্দি-কাশির মতো ছোটখাটো অসুস্থিতায় আক্রান্ত ব্যক্তিদের টিকা দেওয়া যেতে পারে। মাঝারি বা গুরুতর অসুস্থ ব্যক্তিদের সাধারণত ইনফ্লুয়েঞ্জা টিকা নেওয়ার আগে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

## 4. কোনো টিকাজনিত প্রতিক্রিয়ার ঝুঁকি

- LAIV টিকাকরণের পরে নাক দিয়ে পানি পড়া বা নাক বন্ধ হওয়া, শ্বাস নেওয়ার সময় শোঁ শোঁ করে আওয়াজ হওয়া এবং মাথাব্যথা হতে পারে।
- অন্যান্য সন্তান্য পর্যাপ্তিক্রিয়া হল বমি, পেশী ব্যথা, জ্বর, গলা ব্যথা এবং কাশ।

এই সমস্যাগুলি দেখা দিলে, এগুলি সাধারণত টিকাকরণের পরেই শুরু হয় এবং হালকা হয় ও স্বল্পস্থায়ী হয়।

যেকোন ওষুধের মতোই, কোনো টিকার মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া, অন্যান্য গুরুতর আঘাত বা মৃত্যুর কারণ হওয়ার খুব প্রত্যন্ত সন্তান্য রয়েছে।

## 5. যদি কোনো গুরুতর সমস্যা হয় তাহলে কী হবে?

টিকা প্রাপ্ত ব্যক্তি ক্লিনিক হেডে চলে যাওয়ার পরে একটি অ্যালার্জির প্রতিক্রিয়া ঘটতে পারে। আপনি যদি কোনো গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়ার লক্ষণ দেখেন (আমাবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাস নিতে আসুবিধা, দ্রুত হাদ্দিপন্দন, মাথা ঘোরা বা দুর্বলতা), তাহলে 9-1-1 নম্বরে কল করুন এবং ব্যক্তিকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান।

আপনার উদ্বেগের অন্যান্য লক্ষণগুলির জন্য, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

প্রতিকূল প্রতিক্রিয়াগুলি টিকার প্রতিকূল ঘটনার রিপোর্টিং সিস্টেম (Vaccine Adverse Event Reporting System, VAERS) এর কাছে রিপোর্ট করা উচিত। সাধারণত আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী এই রিপোর্টটি দায়ের করবেন, অথবা আপনি নিজেই এটি করতে পারেন। [www.vaers.hhs.gov](http://www.vaers.hhs.gov)-এ VAERS ওয়েবসাইটে যান বা 1-800-822-7967 নম্বরে কল করুন। VAERS শুধুমাত্র প্রতিক্রিয়া রিপোর্ট করার জন্য, এবং VAERS কর্মী সদস্যরা চিকিৎসা-সম্বন্ধীয় পরামর্শ দেন না।

## 6. জাতীয় টিকাজনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচী

জাতীয় টিকাজনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচী (National Vaccine Injury Compensation Program, VICP) হল একটি ফেডারেল প্রোগ্রাম যা নির্দিষ্ট টিকার দ্বারা আহত হতে পারে এমন লোকেদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য তৈরি করা হয়েছিল। টিকাকরণের কারণে তথাকথিত আঘাত বা মৃত্যু সংক্রান্ত দাবিগুলি দায়ের করার জন্য একটি সময়সীমা রয়েছে, যা দুই বছরের মতো কম সময়ের হতে পারে। কর্মসূচীটি সম্পর্কে এবং দাবি দায়ের করার বিষয়ে জানতে [www.hrsa.gov/vaccinecompensation](http://www.hrsa.gov/vaccinecompensation)-এ VICP ওয়েবসাইটে যান অথবা 1-800-338-2382 নম্বরে কল করুন।

## 7. আমি কিভাবে আরও জানতে পারি?

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেটের স্বাস্থ বিভাগে কল করুন।
- টিকার প্যাকেজ সন্নিবেশসমূহ এবং অতিরিক্ত তথ্যের জন্য খাদ্য এবং ঔষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) এর ওয়েবসাইট [www.fda.gov/vaccines-blood-biologics/vaccines](http://www.fda.gov/vaccines-blood-biologics/vaccines)-এ যান।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের সাথে যোগাযোগ করুন (Centers for Disease Control and Prevention, CDC):
  - কল করুন 1-800-232-4636 (1-800-CDC-INFO) অথবা
  - CDC-এর ওয়েবসাইট [www.cdc.gov/flu](http://www.cdc.gov/flu)-এ যান।

Bengali translation provided by Immunize.org

Vaccine Information Statement

Live, Attenuated Influenza Vaccine

42 U.S.C. § 300aa-26

8/6/2021

OFFICE  
USE  
ONLY

